The Bangladesh Monitor - A Premier Travel Publication

# র‍্যাপিড পাসে পরিশোধ হবে সব গণপরিবহনের ভাড়া

- A Monitor Desk Report | Date: 04 May, 2024




**ঢাকা: দেশের সব গণপরিবহনের ভাড়া পরিশোধে সবার জন্য এক কার্ড প্রবর্তন করতে যাচ্ছে সরকার। র‍্যাপিড পাস নামের এ কার্ড ব্যবহার করে সারা দেশে সড়কপথ, রেলপথ, পানিপথ ও আকাশপথে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালিত সব গণপরিবহনের ভাড়া পরিশোধ করা যাবে। একই কার্ড দিয়ে সড়ক ও সেতু পারাপারের টোল, ওয়্যারহাউজ, পার্কিং সুবিধা, স্টেশনের লকার ব্যবস্থার ফি পরিশোধও করা যাবে।**

পাশাপাশি ডেবিট বা ক্রেডিট কার্ড হিসেবেও ব্যবহার করা যাবে, যা দিয়ে কেনাকাটাসহ বিভিন্ন পরিষেবায় র‍্যাপিড পাস কাজে লাগাতে পারবেন ব্যবহারকারীরা। সব গণপরিবহনের ভাড়া পরিশোধের জন্য 'গণপরিবহনে সমন্বিত টিকেটিং ব্যবস্থা এবং ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা আইন-২০২৪'-এর খসড়া প্রস্তুত করেছে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

খসড়ায় আইনটির লক্ষ্য সম্পর্কে বলা হয়েছে—বিরামহীন, ঝামেলামুক্ত, অর্থ ও সময়সাশ্রয়ী, স্বচ্ছন্দ ভ্রমণ, পণ্য পরিবহন এবং সংশ্লিষ্ট সেবা যেমন পার্কিং, স্টেশন লকার, ওয়্যারহাউজ সেবা ইত্যাদি নিশ্চিত করা এবং পরিবহন ও পরিবহনবহির্ভূত খাতে লেনদেন সহজ করার মাধ্যমে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা।

পরিবহনের ভাড়াসহ বিভিন্ন সেবার ফি পরিশোধের পাশাপাশি ডেবিট বা ক্রেডিট কার্ড হিসেবেও র‍্যাপিড পাস ব্যবহার করা যাবে। এ সম্পর্কে খসড়া আইনে বলা হয়েছে, র‍্যাপিড পাস একটি ডেবিট/ক্রেডিট কার্ড হিসেবে বিবেচিত হবে, যা গ্রাহকের সুবিধার জন্য, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ও নিয়মাবলি প্রতিপালন সাপেক্ষে টোল/ফি/চার্জ আদায়সহ পরিবহন ব্যবস্থাবহির্ভূত সব ক্ষেত্রে লেনদেন সম্পাদন, মানি ট্রান্সফার, এমএফএস কার্যক্রমসহ ডেবিট/ক্রেডিট কার্ডের সব ধরনের কার্যক্রমে ব্যবহৃত হবে।

গ্রাহকের র‍্যাপিড পাস সেবা প্রদানের জন্য একটি কোম্পানি গঠনের কথা বলা হয়েছে খসড়া আইনে। এতে বলা হয়েছে, র‍্যাপিড পাস কার্ড সেবার প্রচলন, প্রচার, প্রসার, র‍্যাপিড পাস কার্ডের তথ্যের নিরাপত্তা এবং ক্লিয়ারিং হাউজ সিস্টেম উন্নতীকরণ প্রভৃতি জন্য এ আইনের অধীনে

একটি কোম্পানি গঠন হবে। কোম্পানির নাম হবে ‘সমন্বিত টিকিট সিস্টেম ব্যবস্থাপনা কোম্পানি’। জনস্বার্থকে অগ্রাধিকার দিয়ে মুনাফা অর্জন হবে কোম্পানির অন্যতম লক্ষ্য। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এই কোম্পানির শেয়ারহোল্ডার হতে এবং পরিচালক নিয়োগ দিতে পারবে।

খসড়া আইনে বলা হয়েছে, জনগণের কাছে র‍্যাপিড পাস সহজলভ্য করার জন্য কোম্পানি সরকারি/বেসরকারি ব্যাংক, সরকারি/বেসরকারি গণপরিহনের অপারেটর, প্রতিষ্ঠান বা ব্যক্তিকে ‘অ্যাকোয়ার’/বিক্রয় এজেন্ট নিয়োগ করতে পারবে।

-B